

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর  
www.dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/১মবর্ষ অনার্স ভর্তি ১৭-১৮/২০১৭/..২.৯২

তারিখ: ১৩/১১/২০১৭ খ্রি.

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম রিজিষ্ট্রেশনের মেধা তালিকায়

স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির নির্দেশাবলী :

১। ভর্তির আবেদনপত্র সংগ্রহ ও জমাদান :

(ক) ১ম রিজিষ্ট্রেশনের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ফরম যথাযথভাবে পূরণ করে A4 (৮.৫" × ১১") সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট কপি নিয়ে তারপর (www.dgc.edu.bd) ONLINE ADMISSION এ ক্লিক করে পরবর্তীতে আসা Honours ONLINE ADMISSION এ শুধুমাত্র DBBL (ডাচবাংলা মোবাইল ব্যাংকিং) এর মাধ্যমে ভর্তির জন্য নির্ধারিত টাকা (কলেজের ওয়েবসাইটে প্রদর্শিত পূর্বের ভর্তি ফি এর তালিকা অনুযায়ী) জমা দিয়ে ১৩/১১/২০১৭ হতে ১৮/১১/২০১৭ তারিখের মধ্যে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে পারবে (১৮/১১/২০১৭ তারিখের পরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম কোনক্রমেই ডাউনলোড করা যাবে না)। জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের ভর্তি ফরম আগামী ১৯/১১/২০১৭ তারিখ বিকাল ৩:০০ টার মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

DBBL(ডাচবাংলা মোবাইল ব্যাংকিং) এর মাধ্যমে ভর্তির জন্য টাকা জমার নিয়মাবলী :

First Dial \*322#

1. Payment = Next
2. Bill Pay = Next
3. Enter Biller ID = 356 (Dinajpur Govt. College Biller ID)
4. Enter Bill Number = (Student Application Roll as 1234567 As Bill ID )
5. Enter Amount = (যে বিভাগের জন্য যে ফি নির্ধারিত তার পরিমাণ বিজ্ঞপ্তির শেষে সংযুক্ত করা আছে)
6. Enter PIN

Student Will Get Transaction ID as Paid amount to DINAJGC Bill- No: 1234567, TxnID: 7654321(সাত সংখ্যার আইডি আসবে যা প্রত্যেক শিক্ষার্থীর জন্য আলাদা আলাদা হবে।)

ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য দিনাজপুর সরকারি কলেজের ওয়েব সাইটে (www.dgc.edu.bd) ONLINE ADMISSION এ ক্লিক করে পরবর্তীতে আসা Honours ONLINE ADMISSION এ ক্লিক করতে হবে। পরবর্তী অপসনে APPLICATION ID, Transaction ID ও সিকিউরিটি কোড টাইপ করে Verify এ ক্লিক করতে হবে। এর পরের অপসনে NEXT চাপলে ONLINE ADMISSION ফরম আসবে। অতঃপর অন-লাইনে এই ফরমে সকল তথ্য যথাযথভাবে পূরণ ও শিক্ষার্থীর ছবি আপলোড করে SAVE করতে হবে। এ অন-লাইন ফরম পূরণের জন্য বিভিন্ন তথ্যের সাথে শিক্ষার্থীর ই-মেইল এ্যাড্রেস, ব্লাড গ্রুপ ও ছবি লাগবে। এরপর অন-লাইন ভর্তি ফরমে প্রিন্ট ভিউ দেখা যাবে, যা সরাসরি প্রিন্ট করা যাবে অথবা অন্যত্র প্রিন্ট করার জন্য কপি করা যাবে।

জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের ভর্তি ফরম ছাড়া কোন আবেদনপত্র বিভাগে জমা দেয়া যাবেনা।

২। ভর্তির সময় নিম্নবর্ণিত কাজগপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে :

- (ক) ভর্তির আবেদনের মূল প্রবেশপত্র।
- (খ) এসএসসি ও এইচএসসি/সম্মান পরীক্ষার সনদপত্র, নম্বরপত্র ও প্রশংসাপত্র এবং ০৩ (তিন) সেট ফটোকপি।
- (গ) এসএসসি ও এইচএসসি/সম্মান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র ও মূল নম্বরপত্র/একাডেমিক মূল ট্রান্সক্রিপ্ট।
- (ঘ) ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ও ০৪ (চার) কপি স্ট্যাম্প সাইজের ছবি খামের মধ্যে দিতে হবে।
- (ঙ) পাঠ বিরতির ক্ষেত্রে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

৩। ভর্তি বাতিল সংক্রান্ত নিয়মাবলী :

- (ক) মনোনীত প্রার্থী পূর্বে কোন প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ঐ ভর্তি বাতিল না করা পর্যন্ত অত্র কলেজে ভর্তি হতে পারবে না।
- (খ) কোন শিক্ষার্থী চূড়ান্ত ভর্তির পর যদি কোনো কারণে ভর্তি বাতিল করতে চায় তবে অনলাইনে ভর্তি বাতিল করে কলেজে ৭৫০/- (সাত শত পঞ্চাশ) টাকা জমাদানপূর্বক সংশ্লিষ্ট বিভাগ থেকে তার কাগজপত্রাদি উত্তোলন করতে পারবে।

বিঃদ্র: নির্ধারিত তারিখের মধ্যে উত্তীর্ণ প্রার্থী ভর্তি হতে ব্যর্থ হলে উত্তীর্ণ আবেদনকারীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ/ভর্তি কমিটি কোনরূপ দায়-দায়িত্ব বহন করবে না।

যে কোন তথ্যের জন্য যোগাযোগ: জনাব মীর সাজ্জাদ আলী, সহযোগী অধ্যাপক, ব্যবস্থাপনা ও আহ্বায়ক, ভর্তি কমিটি-০১৭১১৯৭৯৫৫১  
অথবা জনাব মো: মাজেদুর রহমান সরকার, সহকারী অধ্যাপক, ইতিহাস ও সদস্য, ভর্তি কমিটি-০১৭৫৭৮৮৪২৪১।

প্রতি স্বাক্ষর

১৩/১১/২০১৭

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

১৩/১১/২০১৭

আহ্বায়ক

১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণি ভর্তি কমিটি ২০১৭-২০১৮

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর